

সমিতি ও প্রকল্প পরিদর্শন

সমবায় সমিতির কার্যক্রম সমবায় আইন, সমবায় বিধিমালা ও সমিতির উপ-আইন মোতাবেক পরিচালিত হচ্ছে কি না, সাধারণ সদস্যদের স্বার্থ রক্ষিত হচ্ছে কি না, সময়ে সময়ে সমবায় অধিদপ্তর কর্তৃক জারিকৃত সতর্কীকরণ পরিপত্রগুলো অনুসরণ করে ঝুঁকি এড়াতে পারছে কি না, আর্থ-সামাজিক অবস্থার উন্নতি হচ্ছে কি না, ব্যবস্থাপনা কমিটি কোনো বিশেষ সদস্যের প্রতি পক্ষপাতিত্ব প্রদর্শন করছে কি না, অর্থ আত্মসাৎজনিত ঘটনা ঘটছে কি না প্রভৃতি বিষয়গুলো যাচাই করার জন্য মাঠ পর্যায়ে সমবায় সমিতি পরিদর্শন করা হয়ে থাকে। এ পরিদর্শন কার্য এজন্য করা হয় যাতে বড় ধরনের অসংগতি থাকলে উহার ব্যাপারে ব্যবস্থা গ্রহণ সম্ভব হয়। আবার সংশ্লিষ্ট সমিতির কর্তৃপক্ষকেও পরিদর্শন প্রতিবেদন দেওয়া হয় যাতে সমিতি তৎকর্তৃক সংঘটিত অসংগতিগুলো (যদি থাকে) দূর করার ব্যবস্থা গ্রহণ করতে পারে। মোট কথা সমবায় সমিতির ব্যবস্থাপনা ও নির্বাহী কাজে নিয়োজিত ব্যক্তিদের স্বচ্ছতা ও জবাবদিহিতা নির্ধারণ করার এবং সংঘটিত ত্রুটি দূর করার উদ্দেশ্যেই পরিদর্শন কার্য সম্পাদন করা হয়ে থাকে। উপজেলা সমবায় কার্যালয়ের আওতাধীন, জেলা সমবায় অফিসার ও সহকারী পরিদর্শক পদাধিকারীরা পরিদর্শন করে থাকেন।

সমবায় সমিতির কার্যক্রম ছাড়াও সমবায় অধিদপ্তর কর্তৃক পরিচালিত সমাপ্ত ও চলমান প্রকল্পের ঋণ কার্যক্রম যাচাই করার এবং দায়িত্বপ্রাপ্ত কর্মীদের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার উদ্দেশ্যেও পরিদর্শন সম্পাদন করা হয়ে থাকে।